# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮১৯/২০১৯-৩৫৮ তারিখ: জুলাই ০২, ২০২০

**জনাব মো: আলমাস শিমুল**
**পরিচালক**
এম.আই. সিমেন্ট ফ্যাক্টরী লিমিটেড
ডেল্টা লাইফ টাওয়ার, ৪র্থ ও ৭ম তলা
রোড # ৪৫ (দক্ষিণ) ও ৯০ (উত্তর)
গুলশান-২, ঢাকা-১২১২।

বিষয়: কমিশনের আদেশের কপি।

কমিশনের জুলাই ০২, ২০২০ তারিখের আদেশ নং বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮১৯/২০১৯-৩৫৩ আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হ'ল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

০২/০৭/২০২০

মো: রফিকুন্নবী
সহকারী পরিচালক

অবগতির জন্য অনুলিপি:

১। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, এসআরএমআইসি, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
৪। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮১৯/২০১৯-.৬৫৬ তারিখ: জুলাই ০২ ২০২০

**আদেশ**

যেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ (১৯৬৯ সালের অর্ডিন্যান্স নং ১৭) এর ধারা ২(সিসি) মোতাবেক 'কমিশন' মানে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' যা সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ক্ষমতাবলে প্রতিষ্ঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ (১৯৬৯ সালের অর্ডিন্যান্স নং ১৭) এর ধারা ২(জি) মোতাবেক M.I. Cement Factory Ltd 'issuer'হিসেবে অভিহিত (অত:পর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

যেহেতু, কমিশনের নোটিফিকেশন নম্বর এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৯/এডমিন/০২-১০ তারিখ: সেপ্টেম্বর ১০, ২০০৬ এর বর্ণনা নিম্নরূপ-

> "No issuer company shall make any loan or give any guarantee or provide any security in connection with a loan made by a third party to-
>
> (a) any director of the said company;
>
> (b) any firm in which any director of the said company is a partner;
>
> (c) any private company of which any director of the said company is a director or member; or
>
> (d) any public company, the managing agent, manager or director where of is accustomed to act in accordance with the directions or instructions of any director of the said company"
>
> Provided that...
>
> ii. Such loan is sanctioned by the board of Directors of such company and approved by the general meeting and, in the balance sheet, there is a specific mention of the loan, guarantee of security as the case may be:
>
> Provided further that, in no case the total amount of the loan shall exceed 50% of the paid up value of the shares held by such director in his own name."

যেহেতু, ইস্যুয়ার কোম্পানির ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে সমাপ্ত ১ম প্রান্তিকের আর্থিক বিবরণীতে "Current account with sister concern" হিসাব শিরোনামে ৭০.৪০ কোটি প্রদর্শিত হয় যা কোম্পানির সহযোগী প্রতিষ্ঠানসমূহে বিনা শর্তে ঋণ হিসেবে দেয়া হয় এবং বর্ণিত সহযোগী প্রতিষ্ঠান্সমূহ ইস্যুয়ার কোম্পানির পরিচালকগণের শতভাগ মালিকানাধীন বলে প্রতীয়মান হয়;

যেহেতু, কোম্পানির পূর্ববর্তী নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনেও বর্ণিত হিসাব শিরোনামে বিপুল অংকের টাকা সহযোগী প্রতিষ্ঠানসমূহে বিনা শর্তে বকেয়া দেয়া হয় এবং তা পরবর্তী ০২ (দুই) বছরের মধ্যে আদায় হবে মর্মে উল্লেখ করা হয়, যার প্রেক্ষিতে বর্ণিত হিসাব শিরোনামে উল্লেখিত টাকা প্রকৃতপক্ষে ঋণ হিসেবে প্রতীয়মান হয়; এবং বর্ণিত লেনদেনের জন্য উপর্যুক্ত নোটিফিকেশন মোতাবেক কোম্পানির বার্ষিক সাধারণ সভায় অনুমোদন নেয়া হয়নি;

বর্ণিত কর্মকান্ডের মাধ্যমে ইস্যুয়ার কোম্পানি কমিশনের নোটিফিকেশন নম্বর এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৯/এডমিন/০২-১০ তারিখ: সেপ্টেম্বর ১০, ২০০৬ এর বিধান পরিপালনে ব্যর্থ হয়েছে;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক উপর্যুক্ত আলোচ্য বিষয়ে ব্যর্থতার কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের সেপ্টেম্বর ০৮, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৮১৯/২০১৯/৪৩৬ স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালক ও কোম্পানি সচিবকে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুনানীতে উপস্থিত হতে বলা হয় এবং সংশ্লিষ্টরা ২৫ সেপ্টেম্বর, ২০১৯ইং তারিখে শুনানিতে উপস্থিত হয়ে পত্র নং MICFL/CSD/BSEC/2019/4257 এর মাধ্যমে নিম্নোক্ত ব্যাখ্যা দাখিল করে-

*"We refer to your letter No. BSEC/Enforcement/2819/2019-436 dated 8 September 2019 regarding the above noted subject.*

*It may be mentioned here that in the Cement Industry, the key success depends upon the Forward Linkage and Backward Linkage facilities to support the mother company i.e. MICFL only. To this effect, all the associate companies of MICFL are working dedicatedly and facilitating the business activities from starting till reaching the cement to the doorsteps of the users.*

*You will kindly appreciate that Tk. 70,40,48,163 of the Current Account with the Sister Concern as of 30 September 2018 has been drastically reduced to around Tk. 28 (Twenty) Crore at the end of the financial year ended 30 June 2019, which is under audit and we assure you that this current account balance will be reduced further as per the advice of the commission in future. The present reduced Current Account Balance is much lower compared to the amount as stated in the provision No. II of the Order No. BSEC/CMMRRCD/2006-159/Admin/02-10 dated 10 September 2006 (though this Order is related to loan which is upto 50% of the Paid up value of the shares held by such Directors in their own name but our transactions with associate companies are made against the goods/services received from the associate companies).*

*However, building awareness among the issuer companies about all the related Orders / Notifications / Circulars issued by the regulators and applicable for the issuer will strengthen the compliance of rules and thus reduce the non compliance of the laws in operating the issuer companies.*

*Under the circumstances, we would request you not to kindly take any penal action against our company and thus oblige."*

যেহেতু, ইস্যুয়ার কোম্পানির লিখিত ব্যাখ্যায় সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইন ও বিধি বিধানের অজ্ঞতার বিষয়টি স্বীকার করে প্রকৃতপক্ষে সংশ্লিষ্টরা আনীত অভিযোগ স্বীকার করেছে এবং অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, M.I. Cement Factory Ltd একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানির প্রতিনিধিত্বকারী, যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক আর্থিক বিবরণীতে বর্ণিত অনিয়মের কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়গকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, ইস্যুয়ার কোম্পানি একটি পাবলিক লিমিটেড কোম্পানি, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানির প্রতিনিধিত্বকারী, তারা প্রত্যেকে আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 **এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;**

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণ সহ প্রধান নির্বাহী কর্মকর্তার প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত শাস্তি প্রদান করল-

(১) M.I. Cement Factory Ltd এর পরিচালক **জনাব মো: আলমাস শিমুল** এর উপর ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ১৫ (পনের) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

02/09/2020

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। **জনাব মো: আলমাস শিমুল,** পরিচালক, এম. আই. সিমেন্ট ফ্যাক্টরি লিমিটেড




ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd



ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd